

Total No. of Printed Pages—5

5 SEM FYUGP BNLC5C

2025

(November)

BENGALI

(Core)

Paper : BNLC5C

(ভারতীয় সাহিত্য)

Full Marks : 60

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(কবিতা)

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'ভারতজোড়া কাব্যগাথা' গ্রন্থটির সংকলক ও সম্পাদকের নাম কী?

(খ) নীলমণি ফুকন কত সালে জ্ঞানপীঠ পুরস্কার পেয়েছিলেন?

(গ) "তারা

লিঙ্গেরও অনেক ওপরে

বাঁচে ভাবাদর্শের বাহিরে।

তাদের সারল্য আমরা পেতে পারি না।"

পংক্তিগুলি কোন্ কবিতা থেকে গৃহীত?

(2)

- ২। কবি নীলমণি ফুকনের 'ব্রহ্মপুত্রে সূর্যাস্ত' কবিতাটির অন্তর্নিহিত অর্থ বুঝিয়ে লেখ।

৪

অথবা

“এসো হাত বুলিয়ে দিই
রক্তাক্ত সময়ের গর্ভে
দুঃখের পাহাড় গড়িয়ে
উড়ে আসতেই পারে শান্তির পায়রা।”

পংক্তিগুলি কোন্ কবিতার এবং কবির নাম কী? পংক্তিগুলির মধ্য দিয়ে কবি—শাশা প্রকাশ পেয়েছে তা ব্যক্ত কর।

- ৩। 'তোমার এই শহর' কবিতায় বিংশ শতাব্দীর শহরগুলির অস্থির, বিপজ্জনক ও ক্ষণস্থায়ী যে নির্মম চিত্র কবি উপস্থাপন করেছেন তা তুলে ধর।

৯

অথবা

কবি সীতাকান্ত মহাপাত্রের 'ঠাকমা' কবিতায় গ্রাম্যজীবনের করুণ বাস্তব চিত্র ও প্রিয়জনকে হারানোর যন্ত্রণা প্রকাশ পেয়েছে তা এই কবিতা অবলম্বনে বিশ্লেষণ কর।

দ্বিতীয় একক

(গল্প)

- ৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) 'পরমান্ন' মূল গল্পটি কোন্ ভাষায় লেখা ?

26P/132

(Continued)

(3)

(খ) কার জালে রূপালী ইলিশ মাছ ধরা পড়েছিল ?

(গ) মাধবের স্ত্রীর নাম কী ?

- ৫। চাওবা কাকে ইলিশ মাছটা বিক্রি করে দিয়েছিল এবং কত টাকায়? নিজে খাওয়ার জন্য এনেও চাওবা কেন মাছটা বিক্রি করে দিয়েছিল তা লেখ।

৪

অথবা

'পরমান্ন' গল্পে পায়ের রান্নার যে বর্ণনা রয়েছে তা ব্যক্ত কর।

- ৬। 'রাত পোহাবার আগে' গল্প অবলম্বনে পঙ্কজম এর জল সংগ্রহের সংগ্রামের কাহিনী বর্ণনা কর।

৯

অথবা

'কফন' গল্প অবলম্বনে পিতা ঘিসু ও পুত্র মাধব চরিত্র দুটির অমানবিকতার দিকটি তুলে ধর।

তৃতীয় একক

(উপন্যাস)

- ৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) 'অন্নদাতা' উপন্যাসটি বাংলায় কে অনুবাদ করেছিলেন ?
- (খ) উপন্যাসটিতে মোট কটি অধ্যায় আছে ?
- (গ) 'অন্নদাতা' উপন্যাসটি কত সালে রচিত হয়েছিল ?

26P/132

(Turn Over)

(4)

৮। 'অন্নদাতা' উপন্যাসটিতে কোন্ সময়ের কাহিনী তুলে ধরা হয়েছে? অন্নের অভাবে সাধারণ মানুষের যে করুণ চিত্র প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে উল্লেখ কর।

৪

অথবা

“সকালে নাশতার টেবিলে খবরের কাগজ খুলতেই চোখে পড়ল বাংলার দুর্ভিক্ষপীড়িত দুঃস্থদের ছবি”—কোন্ অধ্যায় থেকে গৃহীত, তার মনে এই ছবি কী প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল?

৯। 'অন্নদাতা' উপন্যাসটির নামকরণের যথার্থতা বিচার কর।

৯

অথবা

'অন্নদাতা' উপন্যাসটিতে একদিকে যেমন নির্মম বাস্তবতা প্রকাশিত হয়েছে, তেমনি মানবতা ও প্রতিরোধের দিকটিও তুলে ধরা হয়েছে, আলোচনা কর।

চতুর্থ একক

(প্রবন্ধ)

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $১ \times ২ = ২$

(ক) হরিবিলাস আগরওয়াল মশায়ের সুযোগ্যপুত্রের নাম কী?

(খ) লক্ষ্মীনাথ বেজবরুয়ার স্ত্রীর নাম কী?

(গ) লক্ষ্মীনাথ বেজবরুয়ার সঙ্গে ঠাকুর বাড়ির কন্যার বিবাহের প্রস্তাব কে দিয়েছিলেন?

(5)

১১। ১৮৯১ সালে মহাবারুণীতে দীননাথ (পিতৃদেব) তাঁর স্ত্রী ও দুই ছেলেকে নিয়ে গঙ্গান্নানের উদ্দেশ্যে কলকাতায় এসেছিলেন, তার বর্ণনা দাও।

৪

অথবা

আরেকদিন দেখলাম পারের বালুচরের এক বুপড়ি থেকে বুড়ো-বুড়ি দুই জেলে-জেলেনি আমাদের নৌকার দিকে খেয়ে আসছে—ঘটনাটির বর্ণনা দাও।

১২। লক্ষ্মীনাথ বেজবরুয়ার বিবাহের বর্ণনা দাও।

৯

অথবা

লক্ষ্মীনাথ বেজবরুয়া পিতার সঙ্গে গৌহাটি থেকে নদীপথে নৌকা করে আসার সময় যেমন প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করেছেন, তেমনি নানা ঘটনার সম্মুখীন হয়েছেন তা বিশ্লেষণ কর।

★ ★ ★